সমকাল

তারিখ 17 JUN 2017
পৃষ্ঠা ৪ কলাম ৩

কমনওয়েলথের সভায় নাহিদ

# শিক্ষা ক্ষেত্রে সাধারণ মান নির্ধারণ করুন

■ বাসস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কানাডার ভ্যাঙ্কুভারে কমনওয়েলথ অব লার্নিংয়ের (সিওএল) ৩৪তম বোর্ড অব গভর্নরসের সভায় অংশগ্রহণ করেছেন। বৃহস্পতি ও শুক্রবার এই সভা হয়েছে।

ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সভায় নুরুল ইসলাম নাহিদ কমনওয়েলথ দেশগুলোর জন্য শিক্ষা ক্ষেত্রে একটি সাধারণ মান নির্ধারণের আহ্বান জানিয়েছেন।

সিওএল কমনওয়েলথ দেশগুলোর একটি সংস্থা, যা সদস্য দেশগুলোর মধ্যে দূরশিক্ষণ পদ্ধতি ও আইসিটি প্রয়োগের মাধ্যমে শিক্ষণের সুযোগ সৃষ্টি ও বিস্তারের জন্য কাজ করে থাকে। বোর্ড অব গভর্নরসের সভায় বোর্ডের নতুন সদস্যদের ওরিয়েন্টেশন, অডিট ও পারফরম্যান্স কমিটি এবং প্রতিযোগিতামূলক ঝুঁকি কৌশল নিয়ে আলোচনা হয়। শিক্ষামন্ত্রী বোর্ড অব গভর্নরসের নতুন সদস্য হিসেবে বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে উন্নয়নের বিভিন্ন বিষয় তুলে ধরেন।

শিক্ষার উন্নয়নে, বিশেষ করে দক্ষতা উন্নয়নে মতবিনিময়ের জন্য তিনি কমনওয়েলথ দেশগুলোর প্রতি আহ্বান জানান।

**কমনওয়েলথ মহাসচিবের সঙ্গে বৈঠক** : কমনওয়েলথ অব লার্নিংয়ের বোর্ড অব গভর্নরসের সভায় অংশগ্রহণের পাশাপাশি শিক্ষামন্ত্রী নাহিদ কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ডের সঙ্গে আলোচনায় অংশ নেন। মহাসচিব বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে দ্রুত অগ্রগতির প্রশংসা করেন এবং সিওএল বোর্ডে বাংলাদেশের কার্যকর ভূমিকা প্রত্যাশা করেন।